# Times Today BD

কাওসার আহমেদ | ক্যাম্পাস | 25 April, 2025

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের (GST) গুচ্ছভুক্ত স্নাতক (সম্মান) শ্রেণির ‘সি’ ইউনিটের ভর্তি পরীক্ষা আজ শুক্রবার (২৫ এপ্রিল ২০২৫) সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে।নোবিপ্রবির বিভিন্ন কেন্দ্রে সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত পরীক্ষা অনুষ্ঠিত হয়।আজ ‘সি’ ইউনিটের ১৭০৫ জন পরীক্ষার্থীর মধ্যে উপস্থিত ছিল ১৬১৭ জন, পরীক্ষায় উপস্থিতির হার ৯৪.৮৪ শতাংশ।

পরীক্ষা শুরু হলে নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল পরীক্ষার কেন্দ্রসমূহ পরিদর্শন করেন।এসময় নোবিপ্রবি উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ, নোয়াখালীর পুলিশ সুপার আব্দুল্লাহ আল ফারুক, পরীক্ষা পরিচালনা কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম, পরীক্ষা হলসমূহে ভিজিল্যান্স ও শৃঙ্খলা উপ-কমিটির আহ্বায়ক এ এফ এম আরিফুর রহমান, আপ্যায়ন উপ-কমিটির আহ্বায়ক ড. আবদুল কাইয়ুম মাসুদসহ পরীক্ষা পরিচালনা কমিটি ও বিভিন্ন উপ-কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

পরিদর্শন শেষে তাৎক্ষণিক প্রেস ব্রিফিংয়ে নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, আজকে গুচ্ছভুক্ত  স্নাতক (সম্মান) শ্রেণির ‘সি’ ইউনিটের ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে।যারা পরীক্ষা দিতে এসেছে তাদেরকে সহযোগিতা করার জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসন এবং প্রক্টোরিয়াল টিম সচেষ্ট রয়েছে।ইনফরমেশন সেন্টারের মাধ্যমে শিক্ষার্থীরা যে কেনো তথ্যগত সেবা গ্রহণ করতে পারছে।এছাড়াও শিক্ষার্থীদের স্বাস্থ্যগত কোনো জটিলতা দেখা দিলে ইমার্জেন্সি মেডিকেল টিম প্রস্তুত রয়েছে। বিশ্ববিদ্যালয়ের বাসসমূহ সকাল থেকে পরীক্ষা শেষ হওয়া পর্যন্ত শিক্ষার্থী এবং অভিভাবকদের পরিবহন সুবিধা প্রদান করবে।এছাড়াও আগত শিক্ষার্থীদের জন্য  বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ক্লাব এবং সোসাইটি নানা ধরণের সেবা দিয়ে সহযোগিতা করছে।অত্যন্ত সুন্দর পরিবেশে আজকের পরীক্ষা সম্পন্ন হয়েছে এবং আমরা কোথাও কোনো ধরণের সমস্যার মুখোমুখি হইনি।

এসময় উপাচার্য ভর্তি পরীক্ষার সঙ্গে সংশ্লিষ্ট কমিটি ও উপ-কমিটির সদস্যবৃন্দ, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীসহ সকলকে ধন্যবাদ জানান।পাশাপাশি নোয়াখালী জেলা প্রশাসন, স্থানীয় পুলিশ ও গোয়েন্দা সংস্থা, বিদ্যুৎ পরিষেবা, স্বেচ্ছাসেবী সংগঠনের সদস্যবৃন্দ, বিভিন্ন ক্লাবসমূহের শিক্ষার্থীবৃন্দ, সাংবাদিকবৃন্দ এবং সর্বোপরি নোয়াখালীবাসীসহ যারা ভর্তি পরীক্ষায় সহায়তা করেছেন সবার প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

প্রসঙ্গত, আগামী ২ ও ৯ মে ২০২৫ তারিখে ‘বি’ ও ‘এ’ ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

নোয়াখালী ভর্তি পরীক্ষা উপাচার্য

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 15:15

URL: https://www.timestodaybd.com/public/campus/1434775807